কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার
# KAAJ CAREER

Weekly Employment Newspaper

সার্বিক চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন
Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 23 • 10 June, 2026, Wednesday | RNI No. WBBEN/2006/18125 | Bengali: 26 Jaistha, 1433 • Price Rs. 5.00/-


দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ডের মাধ্যমে দিল্লি সরকারে

## ১,৯৭৯ ফিটার, টিচার, এডুকেটর, অপারেটর

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট আর্কিভিস্ট, লিফট অপারেটর সহ নানা পদে ১,৯৭৯ জনকে নিচ্ছে দিল্লি সরকারের বিভিন্ন বিভাগে। পশ্চিমবঙ্গ, ত্রিপুরা সহ অন্যান্য রাজ্যের ওবিসি প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবে অসংরক্ষিত পদগুলিতে আবেদন করতে পারেন।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (বায়োলজি)** (কোড-২১/২৬): শূন্যপদ ৪৪টি (অসং ১৭, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৩, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৪)। জুলজি/ বটানি একটি বিষয় নিয়ে ৩ বছরের বিএসসি ডিগ্রি পাশরা জুলজি/ বটানি/ মাইক্রোবায়োলজি/ অ্যানথ্রোপলজি/ বায়োলজি/ হিউম্যান বায়োলজি/ লাইফ সায়েন্স/ বায়োকেমিস্ট্রি/ মাইক্রোবায়োলজি/ জেনেটিক্স/ বায়োটেকনোলজি/ মলিকিউলার বায়োলজি/ ফরেন্সিক

......... এরপর ২ পাতায়

মাইনিং, কম্পিউটার সায়েন্স সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## ১,৬০৭ অ্যাপ্রেন্টিস নর্দার্ন কোলফিল্ডসে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** গ্র্যাজুয়েট/ ডিপ্লোমা/ ট্রেড অ্যাপ্রেন্টিস/ প্যারামেডিক ট্রেইনি হিসেবে ১৬০৭ জনকে নিচ্ছে নর্দার্ন কোলফিল্ডস লিমিটেডে (NCL)। ২০২৬-২০২৭ অর্থবর্ষে, নীচে বলা ৪২টি ডিসিপ্লিন/ ট্রেডে ১ বছরের ট্রেনিং হবে অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১-র অধীনে।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ডিসিপ্লিনে: (বন্ধনীতে আসন সংখ্যা):- ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ৪৫টি), মেকানিক্যাল ইঞ্জিঃ (শূন্যপদ ৪৩টি), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ১৩টি), মাইনিং ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ১৭টি), ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ৮টি), সিভিল ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ১৬টি), ইনফর্মেশন টেকনোলজি

......... এরপর ৪ পাতায়

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রে কয়েক হাজার অফিসার, অডিটর

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, ইনস্পেক্টর সহ বিভিন্ন পদে ১২,১৫৬ জনকে নিচ্ছে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও অফিসগুলিতে। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন (২০২৬)-এর মাধ্যমে প্রার্থীবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন।

গ্রুপ-বি গেজেটেড (নন-মিনিস্টেরিয়াল) পদগুলি হল: অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (সেন্ট্রাল ক্যাডার)— নিয়োগ হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস বিভাগে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৭,৬০০ - ১,৫১,১০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (স্টেট ক্যাডার)—

......... এরপর ৪ পাতায়

কলকাতা, অসম, ওড়িশা সহ দেশের অন্যান্য রিজিয়নে

## ভারত সঞ্চার নিগমে ১০০ অফিসার পদে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** খোলা বাজার থেকে জুনিয়র টেলিকম অফিসার পদে ১০০ জনকে নিচ্ছে ভারত সঞ্চার নিগম লিমিটেডে (বিএসএনএল)। নিয়োগ হবে কলকাতা সহ দেশের মোট ২১টি সার্কেলে, সরাসরি। নির্ধারিত যোগ্যতার শর্ত পূরণকারী অভ্যন্তরীণ এবং বাইরের ভারতীয় প্রার্থীরা আবেদন করতে পারেন। প্রথমে ২ বছরের প্রবেশন।

জুনিয়র টেলিকম অফিসার – সরাসরি নিয়োগ (টেলিকম) [JTO(T)-DR]: শূন্যপদ ১০০টি। এরমধ্যে- কলকাতায় ২টি, ওড়িশায় ৬টি, অসমে ২টি, কর্নাটকে ২৬টি, কেরালায় ১৫টি, মধ্য প্রদেশে ১০টি, মহারাষ্ট্রে ১৬টি, এনই-II তে ৩টি, গুজরাটে ৩টি, চেন্নাই টিডি-তে ৫টি,

......... এরপর ৬ পাতায়

এয়ারপোর্ট অথরিটিতে

## ৬২ অ্যাসিস্ট্যান্ট

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট (সিকিউরিটি) পদে ৬২ জনকে নিচ্ছে এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া কার্গো লজিস্টিক অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস (AAI-CLAS)। এটি ভারতীয় বিমানবন্দর কর্তৃপক্ষের ১০০% সহযোগী প্রতিষ্ঠান। প্যান ইন্ডিয়া বেসিসে নিয়োগ হবে নীচে বলা ৫টি এয়ারপোর্ট লোকেশনে। ৩ বছরের নির্দিষ্ট মেয়াদি চুক্তিতে নিয়োগ হবে। প্রার্থীর সন্তোষজনক কাজ এবং প্রয়োজন অনুযায়ী মেয়াদ বাড়তে পারে।

......... এরপর ৬ পাতায়

ভারত পেট্রোলিয়ামে

## ৫৫ অফিসার, ম্যানেজার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** টেকনিক্যাল অফিসার, সাইট ম্যানেজার, টিম মেম্বার/ লিডার, কোম্পানি সেক্রেটারি সহ আরও অন্যান্য পদে ৫৫ জনকে নিচ্ছে ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডে (বিপিসিএল)। নিয়োগ হবে ৫টি বিভাগে। নীচের মতো যোগ্যতার অভিজ্ঞ ভারতীয়রা আবেদন করতে পারেন।

বিভাগ- ভারত পেট্রো রিসোর্সেস লিমিটেড (বিপিআরএল): মোট

.... এরপর ৬ পাতায়

মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## ৮৫ ইঞ্জিনিয়ার, অফিসার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সেফটি অফিসার, মার্কেটিং অফিসার, এসসিএম অফিসার, অফিস ম্যানেজমেন্ট অফিসার এবং থার্ড পার্টি ইনস্পেকশন ইঞ্জিনিয়ার পদে ৮৫ জনকে নিচ্ছে সার্টিফিকেশন ইঞ্জিনিয়ার্স ইন্টারন্যাশনাল লিমিটেডে (CEIL)। নিয়োগ হবে প্রাথমিকভাবে ১ বছরের নির্দিষ্ট মেয়াদি চুক্তির ভিত্তিতে। প্রার্থীর সন্তোষজনক কর্মদক্ষতা এবং প্রজেক্টের প্রয়োজন অনুযায়ী আরও সর্বোচ্চ ৩৬ মাস পর্যন্ত বা প্রকল্প সম্পন্ন হওয়া পর্যন্ত (যেটি আগে হবে) মেয়াদ বাড়ানো হতে পারে।

কিউএ/ কিউসি ইঞ্জিনিয়ার – মেকানিক্যাল / প্রোডাকশন: মোট শূন্যপদ ৪৮টি। এরমধ্যে- অফিসার গ্রেড-I ৪টি, অফিসার গ্রেড-II ৩৭টি, অফিসার গ্রেড-III ৬টি এবং অফিসার গ্রেড-IV ১টি। কাজ করতে হবে প্রজেক্ট সাইট/ সিইআইএল অফিসে।

অফিসার গ্রেড-II [মেক – অফসোর (ডিপ সি)]: শূন্যপদ ১টি। কাজ করতে হবে প্রজেক্ট সাইট/ সিইআইএল অফিসে।

কিউএ/ কিউসি ইঞ্জিনিয়ার –

.... এরপর ৭ পাতায়

পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের থেকে

## ১১৮ অধ্যাপক নিয়োগ কর্মচারি রাজ্য বিমায়

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অধ্যাপক পদে ১১৮ পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারী ডাক্তার নিচ্ছে ভারত সরকারের লেবার অ্যান্ড এমপ্লয়মেন্ট মন্ত্রকের অধীন কর্মচারী রাষ্ট্র বীমা নিগমে (এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন) (ইএসআইসি)। ২২টি স্পেশ্যালিটিতে/ বিভাগে সরাসরি নিয়োগ হবে ইএসআইসি পিজিআইএমএসআরএস গুলিতে এবং ইএসআইসি মেডিক্যাল কলেজগুলিতে। নীচের মতো যোগ্যতার ভারতীয় এম/ এমডি ডিগ্রিধারী প্রার্থীরা অফলাইনে আবেদন করতে পারবেন।

আবেদন করবেন ২৭ জুলাই ২০২৬ (অসম, ত্রিপুরা ইত্যাদি সহ দূরবর্তী এলাকার প্রার্থী হলে) ৩ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে। www.esic.gov.in ওয়েবসাইটে। আবেদনের পদ্ধতি আরও তথ্য পাবেন ওপরে বলা সংস্থার ওয়েবসাইটে।

# সম্পাদকীয়

বর্ষ ২০ • সংখ্যা ২৩

ইং-১০ জুন, ২০২৬ ● বাং- ২৬ জৈষ্ঠ্য, ১৪৩৩

## দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্র

বাংলায় দুধের চাহিদা বেড়েই চলেছে। জেলার প্রান্তে প্রান্তে চাহিদা চূড়ান্ত পর্যায়ে। রাজ্যে নয়া সরকার আসার পর নতুন ভাবনা প্রসারিত হয়েছে। দুধের চাহিদার যোগানে বিকল্প ব্যবস্থা নিতে চলেছে সরকার। নতুন ভাবনায় পথ চলা শুরু করতে প্রয়াস নিতে চলেছে সরকার। সেই পথ ধরেই নতুন দিগন্ত শুরু হতে চলেছে। সরকারি এই ভাবনায় রীতিমতো সিলমোহর পড়তে চলেছে। আগামী দিনে সেই রাস্তাতেই এগিয়ে চলেছে পশ্চিমবঙ্গ। সর্বাধুনিক দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্র রাজ্যে। পশ্চিমবঙ্গে প্রায় ৬৫০ কোটি টাকা বিনিয়োগ আসতে চলেছে। সূত্রের খবর,একটি সর্বাধুনিক দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করতে চলেছে দুগ্ধ উৎপাদনকারী সংস্থা আমূল। পূর্ব ভারতে নিজেদের বাজার ও উৎপাদন ব্যবস্থা আরও সক্রিয় করতে চাইছে সংস্থা। সেই ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্য নিয়েই আমূল পশ্চিমবঙ্গকে বেছে নিচ্ছে বলে জানা গিয়েছে। এ বিষয়ে আরও জানা গিয়েছে, নতুন এই প্রকল্পের জন্য উপযুক্ত জমি,পরিকাঠামো ও উৎপাদন ব্যবস্থার বিভিন্ন দিক খতিয়ে দেখা হচ্ছে। বিষয়টি নিয়ে রাজ্য সরকারের সঙ্গে প্রাথমিক পর্যায়ের আলোচনা পর্ব চলছে বলেও জানা গিয়েছে। সূত্রের আরও খবর, আধুনিক প্রযুক্তিসম্পন্ন এই কেন্দ্রটি চালু হলে রাজ্য উপকৃত হবে। পাশাপাশি পরোক্ষভাবে কয়েক হাজার মানুষের কর্মসংস্থান তৈরি হবে বলে মনে করা হচ্ছে। আবার শিল্প মহলের একাংশের বক্তব্য, প্রকল্পটি বাস্তবায়িত হলে রাজ্যের দুগ্ধশিল্পে নতুন জোয়ার আসা সম্ভব হবে। এক্ষেত্রে গ্রামীণ অর্থনীতি অনেকটাই চাঙ্গা হবে এবং স্থানীয় ক্ষুদ্র শিল্পের প্রসার ঘটবে।

**কাজকেরিয়ার**

**বিশেষ বিজ্ঞপ্তি**

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রযোজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না। — *সম্পাদক*

**— চিঠিপত্র বিভাগ —**

চাকরি, ব্যবসা, বাণিজ্য, পড়াশুনা-কোর্স ও পরীক্ষা সংক্রান্ত যে কোনও বিষয়ে জানতে আগ্রহী হলে আমাদের এই বিভাগে চিঠি লিখে জানতে পারেন। আমরা যথাসময়ে আপনার নাম-ঠিকানা উল্লেখে সেই চিঠির উত্তর দেব।

**ঠিকানা ঃ বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০ ০৬৪**

**কাজকেরিয়ার**

**সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর**

**এফেক্ট পাবলিকেশন্স,**
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

**বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র**

১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬।
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

**দিল্লি অফিস**

মিষ্টি সদন, বি-৩৫২/১, গলি নং-৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

**—সম্পাদক—**

**প্রবীর মুখোপাধ্যায়**

প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in

## ১,৯৭৯ ফিটার, টিচার

*১ পাতার পর ..........*

সায়েন্সের মাস্টার ডিগ্রি পাশ হলে অথবা বায়োটেকনোলজির বি ই/ বি টেক ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ব্যালেস্টিক্স)** (কোড-২২/২৬): শূন্যপদ ১৮টি (অসং ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। ফিজিক্স/ ম্যাথমেটিক্স একটি বিষয় নিয়ে ৩ বছরের বিএসসি ডিগ্রি পাশরা ফিজিক্স/ ম্যাথমেটিক্স/ অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স/ ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি)** (কোড-২৩/২৬): শূন্যপদ ৩৭টি (অসং ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ওবিসি ১৫, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৩)। কেমিস্ট্রি একটি বিষয় নিয়ে ৩ বছরের বিএসসি ডিগ্রি পাশরা কেমিস্ট্রি/ টক্সিকোলজি/ বায়োকেমিস্ট্রি/ ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (লাই-ডিটেক্টর)** (কোড-২৪/২৬): শূন্যপদ ১২টি (অসং ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। সাইকোলজি/ ক্রিমিনোলজির মাস্টার ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ডকুমেন্টস)** (কোড-২৫/২৬): শূন্যপদ ১৫টি (অসং ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। ফিজিক্স/ কেমিস্ট্রি একটি বিষয় নিয়ে ৩ বছরের বিএসসি ডিগ্রি পাশরা ফিজিক্স/ কেমিস্ট্রি/ ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট/ কোয়ালিটি কন্ট্রোল)** (কোড-২৬/২৬): শূন্যপদ ৫টি (অসং ৪, ওবিসি ১)। ফিজিক্স/ ম্যাথমেটিক্স/ কম্পিউটার সায়েন্স/ কেমিস্ট্রি/ বটানি/ জুলজি/ ফরেন্সিক সায়েন্স/ সাইকোলজি/ টক্সিকোলজি/ বায়োটেকনোলজি/ জেনেটিক্সের মাস্টার ডিগ্রি পাশরা অথবা হিউম্যান রিসোর্সে স্পেশ্যালাইজেশন সহ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/ ম্যানেজমেন্টের ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারীরা অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি পাশরা অথবা কম্পিউটার সায়েন্স/ ইলেক্ট্রনিক্স/ ইনফর্মেশন টেকনোলজি/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের বি টেক ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফটো)** (কোড-২৭/২৬): শূন্যপদ ১৪টি (অসং ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। ফিজিক্স/ কম্পিউটার সায়েন্স/ ডেটা অ্যানালিটিক্স/ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স/ ইনফর্মেশন টেকনোলজি/ ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রি পাশ অথবা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের বি টেক ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (সাইবার ফরেন্সিক)** (কোড-২৮/২৬): শূন্যপদ ৮১টি (অসং ৩৫, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ওবিসি ২১, আর্থিকভাবে দুর্বল ৭ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ৮)। ইলেক্ট্রনিক্স/ সাইবার সিকিউরিটিতে স্পেশ্যালাইজেশন সহ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ ইনফর্মেশন টেকনোলজি/ ফিজিক্সের মাস্টার ডিগ্রি পাশরা অথবা কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন টেকনোলজি/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যালস অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ক্রাইম সিন/ ডিস্ট্রিক্ট মোবাইল ফরেন্সিক ইউনিট)** (কোড-২৯/২৬): শূন্যপদ ৪৬টি (অসং ২১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ওবিসি ১২, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৪)। জুলজি/ বটানি/ অ্যানথ্রোপলজি/ মাইক্রোবায়োলজি/ কেমিস্ট্রি/ ফিজিক্স/ টক্সিকোলজি/ বায়োকেমিস্ট্রি/ ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফিঙ্গার প্রিন্ট)** (কোড-৩০/২৬): শূন্যপদ ১টি (অসং)। ফিজিক্স/ কেমিস্ট্রি একটি বিষয় নিয়ে ২ বছরের বিএসসি ডিগ্রি পাশরা ফিজিক্স/ কেমিস্ট্রি/ ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রি পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্স)** (কোড-৩১/২৬): শূন্যপদ ১৬টি (অসং ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। ফিজিক্স একটি বিষয় নিয়ে ২ বছরের বিএসসি ডিগ্রি পাশরা ফিজিক্স/ ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রি পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (হিন্দি)** (কোড-৩২/২৬): শূন্যপদ ১টি (অসং)। হিন্দির মাস্টার ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে ইংরেজি একটি মূল বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকলে অথবা ইংরেজির মাস্টার ডিগ্রিধারীরা গ্র্যাজুশেন স্তরে হিন্দি একটি মূল বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকলে অথবা হিন্দি/ ইংরেজি

*........ এরপর ৩ পাতায়*

## ১,৯৭৯ ফিটার, টিচার

*২ পাতার পর ..........*

ছাড়া যে কোনও বিষয়ের মাস্টার ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে হিন্দি মিডিয়ামের ক্ষেত্রে ইংরেজি একটি মূল বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকলে অথবা হিন্দি/ ইংরেজি ছাড়া যে কোনও বিষয়ের মাস্টার ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে ইংলিশ মিডিয়ামের ক্ষেত্রে হিন্দি একটি মূল বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকলে অথবা হিন্দি/ ইংরেজি ছাড়া যে কোনও বিষয়ের মাস্টার ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে হিন্দি মূল ও ইংরেজি ঐচ্ছিক বা ইংরেজি মূল ও হিন্দি ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকলে বা হিন্দি মিডিয়ামের ক্ষেত্রে ইংরেজি মূল এবং হিন্দি ঐচ্ছিক বিষয় হিসেবে বা ইংরেজি মিডিয়ামের ক্ষেত্রে হিন্দি মূল ও ইংরেজি ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে হিন্দি থেকে ইংরেজি বা ইংরেজি থেকে হিন্দিতে ট্রান্সলেশনের ডিপ্লোমা/ সার্টিফিকেটধারী হতে হবে বা সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। গ্রুপ-বি পদে নিয়োগ হবে ডিপার্টমেন্ট অফ দিল্লি আর্কাইভসে।

**অ্যাসিস্ট্যান্ট আর্কিভিস্ট গ্রেড-১** (কোড-৩৩/২৬): শূন্যপদ ৪টি (অসং ৩, ওবিসি ১)। মডার্ন ইন্ডিয়ান হিস্ট্রি একটি পেপার হিসেবে নিয়ে হিস্ট্রির মাস্টার ডিগ্রি পাশরা আর্কাইভ অ্যান্ড রেকর্ড ম্যানেজমেন্টের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। মাইক্রোসফট অফিসের সার্টিফিকেট কোর্স পাশ হলে ভাল। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। গ্রুপ-বি পদে নিয়োগ হবে ডিপার্টমেন্ট অফ দিল্লি আর্কাইভসে।

**আইটি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১** (কোড-৩৪/২৬): শূন্যপদ ১২৫টি (অসং ৫১, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৯, ওবিসি ৩৪, আর্থিকভাবে দুর্বল ১২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৫, প্রাক্তন সমরকর্মী ১২, মেধাবি খেলোয়াড় ৬)। দ্বাদশ শ্রেণি পাশরা প্রতি ঘণ্টায় ৮০০০ কী ডিপ্রেশনের গতি থাকলে এবং ডেটা এন্ট্রি অ্যাপ্টিটিউড টেস্ট পাশ করে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে ডেটা প্রিপারেশন অ্যান্ড কম্পিউটার সফটওয়্যারের ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মাইএন ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে ইনফর্মেশন টেকনোলজি ডিপার্টমেন্টে।

**ফিটার গ্রেড-২** (কোড-৩৫/২৬): শূন্যপদ ৩৬টি (অসং ১৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ৯, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৪, প্রাক্তন সমরকর্মী ৪, মেধাবি খেলোয়াড় ২)। প্লাম্বার ট্রেডের আইটিআই সার্টিফিকেটধারীরা হাতে-কলমে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ৩২ বছরের মধ্যে। মাইএন ৫,২০০ - ২০,২০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

**লিফট অপারেটর** (কোড-৩৬/২৬): শূন্যপদ ১৩টি (অসং ২, তঃজাঃ ৩, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক পাশরা ইলেক্ট্রিশিয়ান/ ওয়্যারম্যানের আইটিআই সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে। মাইনে ১৯,৯০০ - ৬৩,২০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

অ্যাসিস্ট্যান্ট অপারেটর কাম মেকানিক (কোড-৩৭/২৬): শূন্যপদ ১৫টি (অসং ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক পাশরা রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিংয়ের আইটিআই সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। মাইনে ১৯,৯০০ - ৬৩,২০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

**সাব স্টেশন অ্যাপ্রেন্টিস** (কোড-৩৮/২৬): শূন্যপদ ৩৭টি (অসং ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ১২, আর্থিকভাবে দুর্বল ১১)। মাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের ২ বছরের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। মাইএন ১৯,৯০০ - ৬৩,২০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

**ডেটা প্রসেসিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড 'এ'** (কোড-৩৯/২৬): শূন্যপদ ২১টি (অসং ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। যে কোনও শাখার ডিগ্রি পাশরা অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা ইলেক্ট্রনিক ডেটা প্রসেসিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি পাশরা সঙ্গে ইংরেজি/ হিন্দি টাইপিংয়ে ঘণ্টায় ৮০০০ কী ডিপ্রেশনের গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

**ডেটা এন্ট্রি অপারেটর গ্রেড 'বি'** (কোড-৪০/২৬): শূন্যপদ ২টি (তঃউঃজাঃ ১, আর্থিকভাবে দুর্বল ১)। যে কোনও শাখার ডিগ্রি পাশরা কম্পিউটার অ্যাপ্লিকেশন/ প্রোগ্রামিং একটি বিষয় হিসেবে নিয়ে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ডিজিটাল ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারী হলে এবং হিন্দি/ ইংরেজি টাইপিংয়ে ঘণ্টায় ৮০০০ কী ডিপ্রেশনের গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স) (কোড-৪১/২৬): শূন্যপদ ৬৭৫টি (অসং ৪১৬, তঃজাঃ ১০৪, তঃউঃজাঃ ৩৯, আর্থিকভাবে দুর্বল ১১৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২২)। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ব্যাচেলর ডিগ্রি পাশরা অথবা কম্পিউটার সায়েন্সের গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা অথবা কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজির বি ই/ বি টেক ডিগ্রি পাশরা অথবা গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ এবং ডোয়েক থেকে 'এ' লেভেল সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। গ্রুপ-বি পদে নিয়োগ হবে ডিরেক্টরেট অফ এডুকেশনে।

**ডোমেস্টিক সায়েন্স টিচার** (কোড-৪২/২৬): শূন্যপদ ১২৯টি (অসং ৩৬, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১৬, ওবিসি ৪৯, আর্থিকভাবে দুর্বল ২০ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৬)। ডোমেস্টিক সায়েন্স/ হোম সায়েন্সের ব্যাচেলর ডিগ্রি পাশরা অথবা ডোমেস্টিক সায়েন্স/ হোম সায়েন্স একটি বিষয় নিয়ে এডুকেশনের ব্যাচেলর ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। গ্রুপ-বি পদে নিয়োগ হবে ডিরেক্টরেট অফ এডুকেশনে।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (স্পেশ্যাল এডুকেশন টিচার)** (কোড-৪৩/২৬): শূন্যপদ ১৬৩টি (অসং ১৩৫, তঃজাঃ ১৯, আর্থিকভাবে দুর্বল ৯ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৮)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা সঙ্গে স্পেশ্যাল এডুকেশনের বিএড ডিগ্রি পাশ হলে অথবা বিএড এবং স্পেশ্যাল এডুকেশনের ১ বছরের ডিপ্লোমাধারী হলে অথবা বিএড এবং স্পেশ্যাল এডুকেশনের ২ বছরের ডিপ্লোমাধারী হলে অথবা বিএড পাশ এবং স্পেশ্যাল এডুকেশনের পোস্ট গ্র্যাজুয়েট প্রফেশনাল ডিপ্লোমাধারী হলে অথবা স্পেশ্যাল এডুকেশনের বিএড এবং স্পেশ্যাল এডুকেশনের পোস্ট গ্র্যাজুয়েট প্রফেশনাল সার্টিফিকেটধারী হলে অথবা স্পেশ্যাল এডুকেশন (মেন্টাল রিটারডেশন)-এর পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারী হলে অথবা স্পেশ্যাল এডুকেশন (ফিজিক্যাল অ্যান্ড নিউরোলজিক্যাল)-এর পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারী হলে অথবা স্পেশ্যাল এডুকেশন (লোকোমোটর ইম্পেয়ারমেন্ট অ্যান্ড সেরিব্রাল পালসি)-এর পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারী হলে অথবা ভিজ্যুয়াল ইম্পেয়ারমেন্টে সেকেন্ডারি স্তরের টিচার্স ট্রেনিং কোর্স পাশ করে থাকলে অথবা ডেফ-এর টিচিংয়ে সিনিয়র ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে অথবা ভিজ্যুয়াল ইম্পেয়ারমেন্টে বিএ বিএড পাশ করে থাকলে আবেদন করতে পারেন। পাশাপাশি সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট পাশ এবং রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। গ্রুপ-বি পদে নিয়োগ হবে ডিরেক্টরেট অফ এডুকেশনে।

**স্পেশ্যাল এডুকেটর (প্রাইমারি)** (কোড-৪৪/২৬): শূন্যপদ ৪৫০টি (অসং ১৮৪, তঃজাঃ ৬৭, তঃউঃজাঃ ৩৩, ওবিসি ১২১, আর্থিকভাবে দুর্বল ৪৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৮)। দ্বাদশ শ্রেণি পাশরা স্পেশ্যাল এডুকেশনের ২ বছরে ডিএড পাশ করে থাকলে অথবা দ্বাদশ শ্রেণি পাশরা যে কোনও প্রতিবন্ধী ক্যাটেগরির স্পেশ্যাল এডুকেশনে ১ বছরের ডিপ্লোমাধারী হলে অথবা কমিউনিটি বেসড রিহ্যাবিলিটেশনের ডিপ্লোমাধারীরা এডুকেশন অফ চিলড্রেন উইথ স্পেশ্যাল নিডের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অথবা কমিউনিটি বেসড রিহ্যাবিলিটেশনের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারীরা এডুকেশন অফ চিলড্রেন উইথ স্পেশ্যাল নিডের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অথবা মাল্টি রিহ্যাবিলিটেশন ওয়ার্কারের ডিপ্লোমাধারীরা এডুকেশন অফ চিলড্রেন উইথ স্পেশ্যাল নিডের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অথবা ডেফ টিচিংয়ে জুনিয়র ডিপ্লোমাধারী হলে অথবা ভিজ্যুয়াল ইম্পেয়ারমেন্টে প্রাইমারি লেভেল টিচার ট্রেনিং কোর্স পাশ করে থাকলে অথবা ভোকেশনাল রিহ্যাবিলিটেশন-মেন্টাল রিটারডেশন/ ভোকেশনাল ট্রেনিং অ্যান্ড এমপ্লয়মেন্ট মেন্টাল রিটারডেশনের ডিপ্লোমাধারীরা এডুকেশন অফ চিলড্রেন উইথ স্পেশ্যাল নিডের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অথবা হেয়ারিং ল্যাঙ্গুয়েজ অ্যান্ড স্পিচের ডিপ্লোমাধারীরা এডুকেশন অফ চিলড্রেন উইথ স্পেশ্যাল নিডের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অথবা দ্বাদশ শ্রেণি পাশরা রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া স্বীকৃত শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং এডুকেশন অফ চিলড্রেন উইথ স্পেশ্যাল নিডের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অথবা রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া স্বীকৃত সমতুল শিক্ষাগত যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট পাশ এবং রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। গ্রুপ-বি পদে নিয়োগ হবে ডিরেক্টরেট অফ এডুকেশনে।

**ইলেক্ট্রিক্যাল ওভারসিয়ার/ সাব-ইনস্পেক্টর** (কোড-৪৫/২৬): শূন্যপদ ১৯টি (অসং ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রি পাশরা অথবা ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। গ্রুপ-সি পদে নিয়োগ হবে লেবার ডিপার্টমেন্টে।

সবক্ষেত্রেই যাবতীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের হিসেব করতে হবে ১৫-৭-২০২৬ তারিখের হিসেবে। তফশিলিরা ৫,

প্রার্থীবাছাই হবে অনলাইন পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট/ শারীরিক সক্ষমতার পরীক্ষা/ ড্রাইভিং টেস্ট/ ট্রেড টেস্ট/ অ্যাপ্টিটিউড টেস্ট ইত্যাদির মাধ্যমে। এতে ওয়ান টায়ার (জেনারেল) (এক্সাম কোড-I-T-G) (পোস্ট কোড-৩৪/২৬, ৩৯/২৬, ৪০/২৬) পদের ক্ষেত্রে ২০০ নম্বরের পরীক্ষায় থাকবে ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ৪০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, ৪০ নম্বরের অ্যারিথমেটিক্যাল অ্যান্ড

*........ এরপর ৪ পাতায়*

## ১,৯৭৯ ফিটার, টিচার

৩ পাতার পর ..........

নিউমেরিক্যাল এবিলিটি, ৪০ নম্বরের হিন্দি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবং ৪০ নম্বরের ইংরেজি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। ওয়ান টায়ার (টেকনিক্যাল) (এক্সাম কোড-I-T-T) (পোস্ট কোড-২১/২৬, ২২/২৬, ২৩/২৬, ২৪/২৬, ২৫/২৬, ২৬/২৬, ২৭/২৬, ২৮/২৬, ২৯/২৬, ৩০/২৬, ৩১/২৬, ৩২/২৬, ৩৩/২৬, ৩৫/২৬, ৩৬/২৬, ৩৭/২৬, ৩৮/২৬, ৪৫/২৬) পদের ক্ষেত্রে ২০০ নম্বরের পরীক্ষায় থাকবে ২০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ২০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, ২০ নম্বরের অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, ২০ নম্বরের হিন্দি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, ২০ নম্বরের ইংরেজি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। ওয়ান টায়ার (টেকনিক্যাল/ টিচিং) (এক্সাম কোড-I-T-T) (পোস্ট কোড-৪১/২৬, ৪২/২৬, ৪৩/২৬, ৪৪/২৬) পদের ক্ষেত্রে ২০০ নম্বরের পরীক্ষায় থাকবে ২০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ২০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, ২০ নম্বরের অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, ২০ নম্বরের হিন্দি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, ২০ নম্বরের ইংরেজি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। সবশেষে হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা।

আবেদন করবেন অনলাইনে https://dsssbonline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ১৫ জুলাইয়ের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং/ মোবাইল ওয়ালেট/ ইউপিএর- মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং-০৩/২০২৬। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ১,৬০৭ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর ..........

(শূন্যপদ ৭টি), ব্যাচেলর অফ কমার্স (শূন্যপদ ৫৮টি), ব্যাচেলর অফ আর্টস (বিএ) (শূন্যপদ ৭টি), ব্যাচেলর অফ ল (এলএলবি) (শূন্যপদ ১২টি), ব্যাচেলর অফ কম্পিউটার অ্যাপ্লিকেশন (শূন্যপদ ১৫টি)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসদের স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ডিসিপ্লিনে: (বন্ধনীতে আসন সংখ্যা):- ব্যাক অফিস ম্যানেজমেন্ট (শূন্যপদ ১৩টি), মাইনিং ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ২৯টি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ৬৭টি), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ৭২টি), ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ১২টি), সিভিল ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ৫৬টি), মডার্ন অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়াল প্র্যাক্টিস (শূন্যপদ ১৬টি), কম্পিউটার সায়েন্স/ আইটি (শূন্যপদ ১৪টি), এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ৫টি), সার্ভে ইঞ্জিনিয়ারিং (শূন্যপদ ২১টি)। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা।

ট্রেড অ্যাপ্রেন্টিস (আইটিআই) নেওয়া হবে এইসব ডিসিপ্লিনে: (বন্ধনীতে আসন সংখ্যা):- আইটিআই ইলেক্ট্রিশিয়ান (শূন্যপদ ২৪৪টি), আইটিআই ফিটার (শূন্যপদ ৩৪৯টি), ইন দ্য ওয়েল্ডার (শূন্যপদ ১১০টি), ইন টার্নার (শূন্যপদ ৪৪টি), টিও মেশিনিস্ট (শূন্যপদ ৪৩টি), আইটিআই অটো ইলেক্ট্রিশিয়ান (শূন্যপদ ৬৩টি), আইটিআই কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (শূন্যপদ ৩২টি), আইটিআই ডিজেল মেকানিক (শূন্যপদ ১১টি), আইটিআই মোটর মেকানিক ভেহিকেল (শূন্যপদ ১০টি)। ওপরে বলা ইন দ্য ওয়েল্ডার ডিসিপ্লিনের প্রার্থীদের স্টাইপেন্ড মাসে ৯,৬০০ টাকা। বাকি সব ডিসিপ্লিনের প্রার্থীদের স্টাইপেন্ড মাসে ১০,৫৬০ টাকা।

প্যারামেডিক্যাল ব্যাচেলর অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এই সব ডিসিপ্লিনে: (বন্ধনীতে শূন্যপদ):- ফিজিওথেরাপি (শূন্যপদ ৬টি), নার্সিং (শূন্যপদ ৩০টি), আয়ুর্বেদ (শূন্যপদ ৩টি), অপটোমেট্রি (শূন্যপদ ৩টি), যোগা (শূন্যপদ ৩টি), ডায়েটেটিক্স (শূন্যপদ ৩টি)। ওপরে বলা প্যারামেডিক্যাল প্রার্থীদের স্টাইপেন্ড মাসে ১৩,৭০০ টাকা। ডিপ্লোমা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (শূন্যপদ ১০টি), ডিপ্লোমা ফার্মাসি (শূন্যপদ ১৫টি), ডিপ্লোমা ইসিজি টেকনোলজি (শূন্যপদ ১০টি), ডিপ্লোমা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরি (শূন্যপদ ৬০টি), ডিপ্লোমা এক্স-রে টেকনোলজি (শূন্যপদ ১০টি), ডিপ্লোমা অপথ্যালমিক টেকনোলজি (শূন্যপদ ২টি)। ডিপ্লোমা ডিসিপ্লিনের প্রার্থীদের স্টাইপেন্ড মাসে ১২,৭০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা:- ব্যাচেলর অফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিঃ: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিঃ/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিঃ –এর পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। ব্যাচেলর অফ মেকানিক্যাল ইঞ্জিঃ: : মেকানিক্যাল ইঞ্জিঃ –র পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। ব্যাচেলর অফ সিএস অ্যান্ড ইঞ্জিঃ : স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে পাশ করা কম্পিউটার সায়েন্স ইঞ্জিঃ/ ইনফর্মেশন টেকনোলজির পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। মাইনিং ইঞ্জিঃ : মাইনিং ইঞ্জিঃ -র পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। ইলেক্ট্রনিক্স ইঞ্জিঃ : স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে পাশ করা ইলেক্ট্রনিক্স ইঞ্জিঃ/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিঃ –এর পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। সিভিল ইঞ্জিঃ : সিভিল ইঞ্জিঃ –র পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। ব্যাচেলর অফ ইনফর্মেশন টেকনোলজি: ইনফর্মেশন টেকনোলজির পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। ব্যাচেলর অফ কমার্স/ আর্টস/ ল/ বিসিএ : বি.কম./ বিএ./ এলএলবি/ বিসিএ –র পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। এসব পাশ করে থাকতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে। অভিজ্ঞতা থাকার প্রয়োজন নেই।

ডিপ্লোমা – ব্যাক অফিস ম্যানেজমেন্ট: বিজনেস ম্যানেজমেন্ট/ কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং/ অ্যাকাউন্টিং অ্যান্ড ট্র্যাক্সেশন/ ফিনান্স –এর পুরো সময়ের ডিপ্লোমাধারী হতে হবে। মাইনিং ইঞ্জিনিয়ারিং: মাইনিং ইঞ্জিঃ/ মাইনিং অ্যান্ড মাইন সার্ভেইং/ মাইন সার্ভেইং –এর পুরো সময়ের ডিপ্লোমাধারী হতে হবে। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ সিভিল/ কম্পিউটার সায়েন্স/ সার্ভে/ এনভায়রণমেন্টাল ইঞ্জিঃ: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের পুরো সময়ের ডিপ্লোমাধারী হতে হবে। ইলেক্ট্রনিক্স ইঞ্জিঃ: ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স –এর পুরো সময়ের রেগুলার ডিপ্লোমাধারী হতে হবে। মডার্ন অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়াল প্র্যাক্টিস: মডার্ন অফিস ম্যানেজমেন্ট/ সেক্রেটারিয়াল প্র্যাক্টিস –এর পুরো সময়ের রেগুলার ডিপ্লোমাধারী হতে হবে। অভিজ্ঞতা থাকার প্রয়োজন নেই। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি/ ফার্মাসি/ ইসিজি টেকনোলজি/ জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরি/ এক্স-রে টেকনোলজি/ অপথ্যালমিক টেকনোলজি: সংশ্লিষ্ট প্যারামেডিক্যাল ডিসিপ্লিনের ডিপ্লোমাধারী হতে হবে এবং সংশ্লিষ্ট রাজ্যের বৈধ রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে।

আইটিআই – ইলেক্ট্রিশিয়ান/ ফিটার/ ওয়েল্ডার/ টার্নার/ মেশিনিস্ট: মাধ্যমিক/ সমতুল পাশ সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল বা স্টেট ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। অটো ইলেক্ট্রিশিয়ান: মাধ্যমিক/ সমতুল পাশ সঙ্গে ইলেক্ট্রিশিয়ান (অটো) ট্রেডে ন্যাশনাল বা স্টেট ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (COPA): মাধ্যমিক/ সমতুল পাশ সঙ্গে কোপা ট্রেডে ন্যাশনাল বা স্টেট ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। ডিজেল মেকানিক/ মোটর মেকানিক ভেহিকেল: মাধ্যমিক/ সমতুল পাশ সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই সার্টিফিকেটধারী হতে হবে।

ব্যাচেলর – ফিজিওথেরাপি/ নার্সিং/ আয়ুর্বেদ/ অপটোমেট্রি/ যোগা/ ডায়েটেটিক্স: সংশ্লিষ্ট প্যারামেডিক্যাল ডিসিপ্লিনের ডিগ্রিধারী হতে হবে এবং সংশ্লিষ্ট রাজ্যের বৈধ রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে।

ওপরের শিক্ষাগত যোগ্যতাগুলি এমন একটি স্বীকৃত প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় থেকে অর্জন করে থাকতে হবে যা উত্তর প্রদেশ এবং মধ্যপ্রদেশ রাজ্যের মধ্যে কার্যকর ও পরিচালনাধীন হবে। পাশ করে থাকতে হবে ২০২২ সালের জুন মাস বা তার পরে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরা আবেদনের যোগ্য নন। কেবল ওবিসি (এনসিএল) প্রার্থীরাই সংরক্ষণের সুবিধা পাবেন। প্রতিবন্ধী প্রার্থীদের অবশ্যই বৈধ প্রতিবন্ধকতা সার্টিফিকেট জমা দিতে হবে।

১-৬-২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। কাজেই জন্ম হতে হবে ১-৬-২০০০ থেকে ১-৬-২০০৮ তারিখের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, সাধারণ-প্রতিবন্ধীরা ১০, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩ বছর বয়সের ছাড় পাবেন।

প্রার্থিবাছাই হবে শুধুমাত্র শিক্ষাগত যোগ্যতা অর্জনে পাওয়া নম্বর (মেধা) –এর ভিত্তিতে। গ্র্যাজুয়েশন/ ডিপ্লোমা পজিশনগুলির ক্ষেত্রে প্রথম ধাপে কোয়ালিফাইং গ্র্যাজুয়েশন/ ডিপ্লোমা পরীক্ষার নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে। আইটিআই পজিশগুলির ক্ষেত্রে মেধাতালিকা প্রস্তুত করা হবে মাধ্যমিক/ সমতুলের নম্বর এবং সংশ্লিষ্ট ন্যাশনাল/ স্টেট ট্রেড সার্টিফিকেটের ভিত্তিতে। টাই হলে বেশি বয়সের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হবে। এরপর দ্বিতীয় ধাপে মেধাতালিকা অনুযায়ী প্রার্থীদের মূল প্রমাণপত্র যাছাইয়ের জন্য ডাকা হবে। এর দিনক্ষণ জানানো হবে NATS/ NAPS পোর্টাল এবং ই-মেলের মাধ্যমে। তৃতীয় ধাপে ডাক্তারি পরীক্ষার জন্য ডাকা হবে। নির্ধারিত বয়ানে সরকারি হাসপাতালের অ্যাসিস্ট্যান্ট সিভিল সার্জেন বা তার ওপরের পদের মেডিক্যাল অফিসারের থেকে নেওয়া ফিটনেস সার্টিফিকেট দাখিল করতে হবে।

যাঁরা ইতিমধ্যে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন কিংবা যাঁরা কোনও কারখানায় বর্তমানে ট্রেনিং নিচ্ছেন কিংবা যাঁদের ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা রয়েছে কিংবা যাঁরা ২০২২ সালের জুন মাসের আগে পাশ করেছেন কিংবা উচ্চতর শিক্ষাগত যোগ্যতা রয়েছে কিংবা যেসব প্রার্থীর যোগ্যতা অর্জিত প্রতিষ্ঠান উত্তর প্রদেশ বা মধ্য প্রদেশ রাজ্যে কার্যকর ও পরিচালনাধীন নয় কিংবা যাঁরা আংশিক সময়ের, চিঠিপত্রের মাধ্যমে বা দূরশিক্ষার মাধ্যমে শিক্ষাগত যোগ্যতা অর্জন করেছেন, কিংবা যাঁরা বৈধ মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট জমা দিতে অক্ষম তাঁরা আবেদনের যোগ্য নন।

কোনও ক্যাটেগরির প্রার্থীকেই আবেদনের ফি দিতে হবে না। আবেদন করতে হবে NATS/ NAPS পোর্টালের মাধ্যমে।

একাধিক আবেদন করবেন না। গ্র্যাজুয়েট/ ডিপ্লোমা প্রার্থীরা আবেদন করার আগে NATS পোর্টালে (https://nats.education.gov.in) এবং ট্রেড/ আইটিআই প্রার্থীরা NAPS পোর্টালে (https://www.apprenticeshipindia.gov.in) প্রি-রেজিস্ট্রেশন অবশ্যই করবেন। পরে বৈধ এনরোলমেন্ট আইডি ছাড়া আবেদন গ্রাহ্য হবে না। রেজিস্ট্রেশন সফল হলে তখন নর্দার্ন কোলফিল্ডসের রেজিস্ট্রেশন নং সহ সংশ্লিষ্ট পোর্টালের মাধ্যমে আবেদন করবেন। একাধিক ডিসিপ্লিনে আবেদন করলে আবেদন বাতিল হবে। আবেদন করবেন ১৫ জুনের মধ্যে।

অনলাইন আবেদন করতে লাগবে- NAPS/ NATS রেজিস্ট্রেশন নম্বর, রঙিন ছবি ও সইয়ের স্ক্যান, জন্ম তারিখের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাস্ট ইত্যাদি সার্টিফিকেট, প্রতিবন্ধকতা সার্টিফিকেট, চিঠিপত্রের জন্য স্থায়ী ঠিকানা। নং NCL/HRD/ CETI/2026-27/ 168. অফিসিয়াল ওয়েবসাইট www.nclcil.in আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## কেন্দ্রে কয়েক হাজার

১ পাতার পর ..........

নিয়োগ হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস বিভাগে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৭,৬০০ - ১,৫১,১০০ টাকা।

........ এরপর ৫ পাতায়

## কেন্দ্রে কয়েক হাজার

*৪ পাতার পর ..........*

অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (স্টেট ক্যাডার)— নিয়োগ হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস বিভাগে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৭,৬০০ - ১,৫১,১০০ টাকা।

গ্রুপ-বি পদগুলি হল: অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিসে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে ইন্টেলিজেন্স ব্যুরোয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে রেলওয়ে মন্ত্রকে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২, ৪০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে মিনিস্ট্রি অফ এক্সটারন্যাল অ্যাফেয়ার্সে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার সিভিল সার্ভিসে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে মিনিস্ট্রি অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজিতে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট/ অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্ট/ অর্গানাইজেশনে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। ইনস্পেক্টর অফ ইনকাম ট্যাক্সেস— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেস। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ)— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমসে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২, ৪০০ টাকা। ইনস্পেক্টর (প্রিভেন্টিভ অফিসার)— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমসে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। ইনস্পেক্টর (এক্সামিনার)— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমসে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার— নিয়োগ হবে ডিরেক্টর অফ এনফোর্সমেন্ট, ডিপার্টমেন্ট অফ রেভিনিউয়ে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। সাব ইনস্পেকটর— নিয়োগ হবে সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশনে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। ইনস্পেক্টর পোস্টস— নিয়োগ হবে ডিপার্টমেন্ট অফ পোস্টস, মিনিস্ট্রি অফ কমিউনিকেশনে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। ইনস্পেক্টর— নিয়োগ হবে সেন্ট্রাল ব্যুরো অফ নার্কোটিক্স, মিনিস্ট্রি অফ ফিনান্সে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা।

গ্রুপ-বি অন্যান্য পদগুলি হল: অ্যাসিস্ট্যান্ট/ অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার— নিয়োগ হবে অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্ট/ অর্গানাইজেশনে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমসে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২, ৪০০ টাকা। রিসার্চ অ্যাসিস্ট্যান্ট— নিয়োগ হবে ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশনে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট— নিয়োগ হবে সি অ্যান্ড এজি অফিসের অধীনে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। সাব ইনস্পেক্টর— নিয়োগ হবে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২, ৪০০ টাকা। সাব-ইনস্পেক্টর/ জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার— নিয়োগ হবে নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোতে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫, ৪০০ - ১,১২,৪০০ টাকা। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার— নিয়োগ হবে মিনিস্ট্রি অফ স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনে। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-২— নিয়োগ হবে মিনিস্ট্রি অফ হোম অ্যাফেয়ার্সে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। অফিস সুপারিন্ট্যান্ড্যান্ট— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেসে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। সেকশন হেড— নিয়োগ হবে ডিরেক্টর জেনারেল অফ ফরেন ট্রেডে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৩৫,৪০০ - ১,১২, ৪০০ টাকা।

গ্রুপ-সি পদগুলি হল: অডিটর— নিয়োগ হবে সি অ্যান্ড এজি অফিসের অধীনে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। অডিটর— নিয়োগ হবে কন্ট্রোলার জেনারেল অফ ডিফেন্স অ্যাকাউন্টসে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। অডিটর— নিয়োগ হবে অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্টে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। অ্যাকাউন্ট্যান্ট— নিয়োগ হবে সি অ্যান্ড এজি অফিসের অধীনে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। অ্যাকাউন্ট্যান্ট— নিয়োগ হবে কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টসে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা। অ্যাকাউন্ট্যান্ট/ জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট— নিয়োগ হবে অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্টে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা।

গ্রুপ-সি অন্যান্য পদগুলি হল: পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/ শর্টিং অ্যাসিস্ট্যান্ট— নিয়োগ হবে ডিপার্টমেন্ট অফ পোস্টস, মিনিস্ট্রি অফ কমিউনিকেশনে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/ আপার ডিভিশন ক্লার্ক— নিয়োগ হবে সিএসসিএস ক্যাডার ছাড়া সেন্ট্রাল গভর্নমেন্ট অফিস/ মিনিস্ট্রিতে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট— নিয়োগ হবে মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, মিনিস্ট্রি অফ ডিফেন্সে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫, ৫০০ - ৮১,১০০ টাকা। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেসে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট— নিয়োগ হবে সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমসে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। সাব-ইনস্পেক্টর— নিয়োগ হবে সেন্ট্রাল ব্যুরো অফ নার্কোটিক্স, মিনিস্ট্রি অফ ফিনান্সে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা হতে হবে: অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (সেন্ট্রাল ক্যাডার) পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট/ কোম্পানি সেক্রেটারি অথবা কমার্স/ বিজনেস স্টাডিজ/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স)/ বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি পাশ হলে ভাল। অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (স্টেট ক্যাডার) পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও কথা বলতে জানলে এবং ওই ভাষা মাধ্যমিক স্তরে পড়ে থাকলে আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট/ কোম্পানি সেক্রেটারি অথবা কমার্স/ বিজনেস স্টাডিজ/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স)/ বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি পাশ হলে ভাল। অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও কথা বলতে জানলে এবং ওই ভাষা মাধ্যমিক স্তরে পড়ে থাকলে আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট/ কোম্পানি সেক্রেটারি অথবা কমার্স/ বিজনেস স্টাডিজ/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স)/ বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি পাশ হলে ভাল। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা দ্বাদশ শ্রেণিতে ম্যাথমেটিক্সে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকলে অথবা যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা ডিগ্রি স্তরে স্ট্যাটিস্টিক্স একটি বিষয় নিয়ে পড়ে থাকলে আবেদন করতে পারেন। স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-২ পদের ক্ষেত্রে— স্ট্যাটিস্টিক্স/ ম্যাথমেটিক্স/ ইকনমিক্স/ ডেমোগ্রাফি/ পলিউশন স্টাডিজ/ অপারেশন রিসার্চ/ ইনফর্মেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ ডেটা সায়েন্স/ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ব্যাচেলর ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। বাকি সব পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। যাঁরা চূড়ান্ত বর্ষের পরীক্ষা দিয়েছেন তাঁরাও ১-৮-২০২৬ তারিখের হিসেবে পাশ করে থাকলে আবেদনের যোগ্য।

সবক্ষেত্রেই বয়সের হিসেব করতে হবে ১-৮-২০২৬ তারিখের হিসেবে। যাঁদের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে তাঁদের জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৯ থেকে ১-৮-২০০৮-এর মধ্যে। যাঁদের ক্ষেত্রে বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে তাঁদের জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৬ থেকে ১-৮-২০০৬-এর মধ্যে। যাঁদের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে তাঁদের জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৬ থেকে ১-৮-২০০৬-এর মধ্যে। যাঁদের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে তাঁদের ক্ষেত্রে জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৬-এর মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত পতিসঙ্গহীনা মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৩৫ (তফশিলি হলে ৪০) বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রার্থীবাছাই হবে ২টি টায়ারে কম্পিউটার বেসড পরীক্ষার মাধ্যমে। প্রথম টায়ারে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজিনং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড, ৫০ নম্বরের ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ের মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। দ্বিতীয় টায়ারে থাকবে ৩টি পেপার। প্রথম পেপারের সেশন-ওয়ানের প্রথম সেকশনে থাকবে ৩০ নম্বরের ম্যাথমেটিক্যাল এবিলিটি এবং ৩০ নম্বরের রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। দ্বিতীয় সেকশনে থাকবে ৪৫ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবং ৪৫ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। তৃতীয় সেকশনে থাকবে ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫ মিনিট। সেশন-টুয়ের চতুর্থ সেকশনে থাকবে একটি ডেটা এন্ট্রি টাস্ক। দ্বিতীয় পেপারে থাকবে

*........ এরপর ৬ পাতায়*

## কেন্দ্রে কয়েক হাজার

৫ পাতার পর ..........

১০০ নম্বরের স্ট্যাটিস্টিক্স। উত্তরের জন্য সময় ২ ঘণ্টা। তৃতীয় পেপারে থাকবে ১০০ নম্বরের জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনমিক্স) বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। পরীক্ষা হবে ইস্টার্ন রিজিয়নের— কলকাতা (কোড-৪৪১০), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর (৪৪২৬), শিলিগুড়ি (৪৪১৫), সিউরি (৪৪১৬), মালদা (৪৪১২), কল্যাণী (৪৪১৯), ধানবাদ (৪২০৬), জামশেদপুর (৪২০৭), রাঁচি (৪২০৫), বালাসোর (ওড়িশা) (৪৬০১), বহরমপুর (ওড়িশা) (৪৬০২), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), রৌরকেল্লা (৪৬১০), সম্বলপুর (৪৬০৯), গ্যাংটক (৪০০১)। ইর্থ-ইস্টার্ন রিজিয়নের পরীক্ষা কেন্দ্রগুলি হল— আগরতলা (৫৬০১), ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২) গুয়াহাটি (দিশপুর) (৫১০৫), জোরহাট (৫১০৭), শিলচর (৫১১১), তেজপুর (৫১১২), ইম্ফল (৫৫০১), চূড়াচন্দ্রপুর (৫৫০২), উখারুল (৫৫০৩), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), ডিমাপুর (৫৩০১), কোহিমা (৫৩০২)। এছাড়া দেশের অন্যান্য রাজ্যেও পরীক্ষা কেন্দ্র রয়েছে। প্রথম টায়ারের পরীক্ষা হতে পারে আগস্ট-সেপ্টেম্বর মাস নাগাদ এবং দ্বিতীয় টায়ারের পরীক্ষা হবে ডিসেম্বর মাস নাগাদ।

আবেদন করবেন অনলাইনে https://ssc.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ২২ জুনের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই ও অন্যান্য নথিপত্র ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং, ইউপিআইয়ের মাধ্যমে, ২৩ জুনের মধ্যে। তফশিলি, মহিলা, শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না। ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রাখ বেন। পরে প্রয়োজন হবে। আরও জানতে পারবেন ওয়েবসাইটে।

## ভারত সঞ্চার নিগমে

১ পাতার পর ..........

তেলেঙ্গানায় ২টি। এছাড়া আন্দামান ও নিকোবর, অন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড়, হরিয়ানা, জম্মু ও কাশ্মীর, রাজস্থান, সিকিম, তামিলনাড়ু, উত্তরাখণ্ড এবং ইউপিডব্লিউয়ে ১টি করে শূন্যপদ রয়েছে।

প্রার্থীদের কেন্দ্র সরকার বা রাজ্য সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা টেলিকমিউনিকেশন, ইলেকট্রনিক্স, রেডিও, কম্পিউটার, ইলেকট্রিক্যাল, ইনফরমেশন টেকনোলজি (আইটি) অথবা ইনস্ট্রুমেন্টেশন বিষয়ে ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর (B.E.) ডিগ্রি/ সমতুল ডিগ্রিধারী হতে হবে। এম.এসসি. (ইলেকট্রনিক্স) অথবা এম.এসসি. (কম্পিউটার সায়েন্স) ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। নির্ধারিত বিষয়ের এম.টেক ডিগ্রিধারীরাও সরাসরি নিয়োগ পরীক্ষায় বসতে পারেন। প্রার্থীর মূল রঙ চেনার ক্ষমতা এবং বাইনোকুলার ভিষন থাকতে হবে।

অসংরক্ষিত/ আর্থিকভাবে কমজোর প্রার্থী/ ওবিসি – ক্রিমি লেয়ার প্রার্থীদের বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। ওবিসি – (নন ক্রিমি লেয়ার) প্রার্থীরা ৩, তফশিলিরা ৫, অসংরক্ষিত/ প্রতিবন্ধী-আর্থিকভাবে কমজোর প্রার্থী/ ওবিসি – ক্রিমি লেয়ার প্রার্থীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫, অসংরক্ষিত/ আর্থিকভাবে কমজোর প্রার্থী/ ওবিসি (নন ক্রিমি লেয়ার)- বিএসএনএল কর্মচারীরা ৫, ওবিসি (এনসিএল) বিএসএনএল কর্মচারীরা ৮, তফশিলি-বিএসএনএল কর্মচারীরা ১০, ওবিসি (এনসিএল)-প্রতিবন্ধী বিএসএনএল কর্মচারীরা ১৮, তফশিলি-প্রতিবন্ধী বিএসএনএল কর্মচারীরা ২০ বছর এবং প্রাক্তন সমর কর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। ই-১ স্কেল মাইনে ১৬,৪০০ – ৪০,৫০০ টাকা।

প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপ টেস্ট, প্রমাণপত্র যাচাই এবং ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। সিবিটি হতে পারে আগস্ট মাসে। ৩ ঘণ্টার ও ৪৮০ নম্বরের লিখিত (সিবিটি) পরীক্ষায় থাকবে ১২০টি প্রশ্ন। প্রশ্নপত্রে ৩টি সেকশন। ইঞ্জিনিয়ারিং স্ট্রিম সেকশন-I: থাকবে ৫০টি প্রশ্ন (২০০ নম্বর)। ইঞ্জিনিয়ারিং স্ট্রিম সেকশন-II: থাকবে ৫০টি প্রশ্ন (২০০ নম্বর)। জেনারেল এবিলিটি টেস্ট সেকশন-III: থাকবে ২০টি প্রশ্ন (৮০ নম্বর)।

প্রতিটি সঠিক উত্তরের জন্য পাবেন ৪ নম্বর এবং প্রতিটি ভুল উত্তরের জন্য কাটা যাবে ১ নম্বর। সফল হতে প্রতিটি সেকশনে অন্তত ৪০ শতাংশ নম্বর পেতে হবে এবং অসংরক্ষিত/ ওবিসি (সিএল) প্রার্থীদের মোট অন্তত ৫০ (তফশিলি/ ওবিসি (এনসিএল)/ প্রতিবন্ধী/ ইডব্লিউএস হলে মোট অন্তত ৪৫) শতাংশ নম্বর পেতে হবে।

মেধাতালিকাভুক্ত প্রার্থীদের প্রমাণপত্র যাচাইয়ের জন্য ডাকা হবে। তারিখ এবং স্থান যথাসময়ে জানানো হবে। সবশেষে বিএসএনএল নির্ধারিত মান অনুযায়ী মেডিক্যাল পরীক্ষায় সফল হতে হবে।

আবেদন অনলাইন রেজিস্ট্রেশন করবেন www.externalexam.bsnl.co.in ওয়েবসাইটের মাধ্যমে, ৪ জুন, ২০২৬ তারিখ থেকে ৩ জুলাই, ২০২৬ তারিখ সকাল ১০টার মধ্যে। রেজিস্ট্রেশনের জন্য লাগবে- ওটিপির জন্য বৈধ মোবাইল নম্বর এবং ইমেইল আইডি, সাদা ব্যাকগ্রাউন্ডসহ পাসপোর্ট সাইজের রঙিন ছবির স্ক্যান (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে, ২০–৫০ কেবি সাইজের মধ্যে), সইয়ের স্ক্যান কপি (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে, ১০–২০ কেবি সাইজের মধ্যে), জন্ম তারিখের প্রমাণ হিসেবে দশম শ্রেণির সার্টিফিকেট, ডিগ্রি সার্টিফিকেট এবং কনসলিডেটেড মার্কশিট, সচিত্র পরিচয়পত্র (আধার/ পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স/ ভোটার আইডি), (প্রযোজ্য হলে) বৈধ ক্যাটাগরি/ রিজার্ভেশন সার্টিফিকেট, (প্রতিবন্ধী হলে) মেডিক্যাল সার্টিফিকেট। আবেদন সম্পাদনা করতে পারবেন ৪ জুলাই সকাল ১০টা থেকে ১১ জুলাই সকাল ১০টা অবধি।

রেজিস্ট্রেশনের সম্পন্ন হলে কম্পিউটার জেনারেটেড রেজিস্ট্রেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। রেজিস্ট্রেশনের সম্পন্ন হলে ৭ দিন (৪ জুলাই–১১ জুলাই, ২০২৬) আবেদনপত্রের নির্দিষ্ট কিছু ক্ষেত্র এডিট করতে পারবেন।

সরকারী দপ্তর/ পাবলিক সেক্টর প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের প্রমাণপত্র যাচাইয়ের সময় বর্তমান নিয়োগকর্তার থেকে নেওয়া নো অবজেকশন সার্টিফিকেট দাখিল করতে হবে। রেজিস্ট্রেশন পোর্টালের ড্রপডাউন মেনু থেকে সর্বোচ্চ ২১টি সার্কেলের মধ্যে নিজের পছন্দ অনুযায়ী সার্কেল পছন্দ করতে হবে। প্রথমবারের পছন্দই চূড়ান্ত। পরীক্ষার তারিখের আগে রেজিস্টার্ড ইউজার নেম এবং পাসওয়ার্ড দিয়ে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে। বিজ্ঞপ্তি নং BSNLCO-11/12(11)/1/2026-RECTT-CO. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৬২ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর ..........

অ্যাসিস্ট্যান্ট (সিকিউরিটি): শূন্যপদ ৬২টি। এরমধ্যে- ভুবনেশ্বরে ৯টি, উদয়পুরে ১২টি, মাদুরাইয়ে ৯টি, তিরুপতিতে ৯টি এবং ত্রিচিতে ২৩টি। অন্তত ৬০ (তফশিলি হলে ৫৫) শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। ইংরেজি ও হিন্দি ভাষা পড়া ও বলার দক্ষতা থাকতে হবে এবং/ অথবা স্থানীয় ভাষায় কথোপকথনে সক্ষম হতে হবে। থোক মাইনে প্রথম বছর মাসে ২১,৫০০ টাকা, দ্বিতীয় বছর মাসে ২২,০০০ টাকা এবং তৃতীয় বছর মাসে ২২,৫০০ টাকা। এছাড়া, সরকারি/ দপ্তরের কাজে সফর করলে পাবেন টিএ/ডিএ এবং থাকা-খাওয়ার খরচ সাধারণ পাবলিক বাসের প্রকৃত ভাড়া অথবা রেলের স্লিপার শ্রেণির প্রকৃত ভাড়া। বছরে ১৮ দিন অর্জিত ছুটি, ১২ দিন অর্ধবেতনভিত্তিক ছুটি, ৯ দিন ক্যাজুয়াল লিভ এবং ২ দিন রেসট্রিকটেড সরকারি ছুটি পাবেন। মেডিক্যাল ইনশিওরেন্স বাবদ নিজের ও পরিবারের জন্য বছরে ১০,০০০ টাকা। আর গ্র্যাচুইটি।

০১ জুন, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসি (এনসিএল) – রা ৩, প্রাঃসঃকঃ-রা ৫ বছর বয়সের ছাড় পাবেন। বয়সের ছাড় পেতে বৈধ সার্টিফিকেট জমা দিতে হবে।

বিমানবন্দরে অপারেশনাল কাজে সহায়তা, যাত্রীদের ব্যাগেজ হ্যান্ডলিংয়ে সহায়তা, ব্যাগেজ তোলা, ব্যাগেজ লোডিং ও আনলোডিং, এক্স-রে মেশিন পরিচালনা, কনভেয়ার বেল্ট হ্যান্ডলিং এবং সময়ে সময়ে নিয়োগকর্তার দেওয়া বিভিন্ন ধরনের কাজ করতে হবে।

প্রার্থিবাছাই হবে আবেদন যাচাই ও মূল্যায়ন এবং অনলাইন ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের তারিখ, সময় এবং স্থান/ পদ্ধতি জানানো হবে রেজিস্টার্ড ই-মেইলে এবং সংস্থার ওয়েবসাইটে। প্রার্থিবাছাই প্রক্রিয়ার সময় কোনও টিএ/ ডিএ পাবেন না।

আবেদনের ফি সাধারণ এবং ওবিসি প্রার্থীদের জন্য ৫০০ টাকা। সঙ্গে ব্যাঙ্ক চার্জ এবং অন্যান্য চার্জ অতিরিক্ত। আবেদনের ফি তফশিলি/ ইডব্লিউএস/ মহিলাদের জন্য ১০০ টাকা। সঙ্গে ব্যাঙ্ক চার্জ এবং অন্যান্য চার্জ অতিরিক্ত। ফি দেবেন অনলাইনে – নেট ব্যাঙ্কিং/ ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড/ ইউপিআই/ ওয়ালেটের মাধ্যমে। ব্যাঙ্ক চার্জ এবং অন্যান্য চার্জ প্রার্থীকেই দিতে হবে।

আবেদন করবেন অনলাইনে www.aaiclas.aero ওয়েবসাইটের 'কেরিয়ার' সেকশন এবং 'অ্যাপ্লাই নাউ' –এ গিয়ে, ২ জুলাই, ২০২৬ তারিখের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি থাকা চাই। অনলাইন ছাড়া অন্য কোনওভাবে আবেদন করা যাবে না। আবেদন করবেন যে কোনও একটি এয়ারপোর্ট লোকেশনের শূন্যপদে। বিজ্ঞপ্তি নং 02 of 2026. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৫৫ অফিসার

১ পাতার পর ..........

শূন্যপদ ৫টি। এরমধ্যে- টিম মেম্বার/ টিম লিডার – এক্সপ্লোরেশন (অনুসন্ধান) ২টি (বয়স ৫০ বছরের মধ্যে), টিম মেম্বার/ টিম লিডার – অ্যাসেট ম্যানেজার ২টি (বয়স ৫০ বছরের মধ্যে) এবং টিম মেম্বার – রিজার্ভয়ার ইঞ্জিনিয়ার ১টি (বয়স ৩৪ বছরের মধ্যে)। অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫০) শতাংশ নম্বর নিয়ে যে কোনও শাখায় বি.ই. / বি.টেক পাশ। অথবা অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫০) শতাংশ নম্বর নিয়ে ভূ-বিজ্ঞান (জিওলজি / অ্যাপ্লাইড জিওলজি / জিওফিজিক্স / অ্যাপ্লাইড জিওফিজিক্স) -এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে অন্তত ১০ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই। টিম মেম্বার – রিজার্ভয়ার ইঞ্জিনিয়ার –এর ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫০) শতাংশ নম্বর নিয়ে পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং / পেট্রোলিয়াম টেকনোলজি / অ্যাপ্লাইড পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং / কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ বি.ই. / বি.টেক পাশ। সঙ্গে অন্তত ৭ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

বিভাগ- কোম্পানি সেক্রেটারি: মোট শূন্যপদ ৪টি। এরমধ্যে- কোম্পানি সেক্রেটারি – টিম লিডার ২টি (বয়স ৪৬ বছরের মধ্যে) এবং কোম্পানি সেক্রেটারি টিম মেম্বার ২টি (বয়স ৩৮ বছরের মধ্যে)। কোম্পানি সেক্রেটারি – টিম লিডার –এর ক্ষেত্রে আইসিএসআই থেকে কোয়ালিফায়েড কোম্পানি সেক্রেটারি। সঙ্গে এলএলবি হলে অগ্রাধিকার। অন্তত ১৮ বছরের অভিজ্ঞতা। কোম্পানি সেক্রেটারি টিম মেম্বার –এর ক্ষেত্রে আইসিএসআই থেকে কোয়ালিফায়েড কোম্পানি সেক্রেটারি। সঙ্গে এলএলবি হলে অগ্রাধিকার। অন্তত ৭ বছরের অভিজ্ঞতা।

বিভাগ- ফিনান্স: টিম মেম্বার/ লিডার – ফিনান্স- শূন্যপদ ১৫টি (বয়স ৫০ বছরের মধ্যে)। অন্তত ৫৫ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত

........ এরপর ৭ পাতায়

## ২৬৮ ফোরম্যান, মাইনিং

*৬ পাতার পর ..........*

৫০) শতাংশ নম্বর নিয়ে (ফাইনাল পরীক্ষায় প্রথমবারেই উত্তীর্ণ) সিএ। অথবা ওই একই শতাংশ নম্বর নিয়ে সিএ (ফাইনাল পরীক্ষায় প্রথমবারেই উত্তীর্ণ) আইসিডব্লিউএ। সঙ্গে অন্তত ১৪ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা।

বিভাগ- পেট্রোকেমিক্যালস: মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে- হেড সেলস (পেট্রোকেমিক্যাল টাস্কফোর্স) ১টি(বয়স ৫০ বছরের মধ্যে) এবং টেকনিক্যাল অফিসার – পলিমার মার্কেটিং ২টি (বয়স ৩৪ বছরের মধ্যে)। হেড সেলস (পেট্রোকেমিক্যাল টাস্কফোর্স) –এর ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫০) শতাংশ নম্বর নিয়ে কেমিক্যাল / মেকানিক্যাল / পলিমার / পেট্রোকেমিক্যাল / প্লাস্টিকস ইঞ্জিনিয়ারিং / প্লাস্টিকস টেকনোলজি –র বিই./ বি.টেক.। অথবা ওই একই শতাংশ নম্বর নিয়ে অ্যাপ্লায়েড পলিমার সায়েন্সে পিএইচ.ডি/ এম.এসসি.। অথবা ওই একই শতাংশ নম্বর নিয়ে এমবিএ/ পিজিডিএম। সঙ্গে অন্তত ২১ বছরের অভিজ্ঞতা। পলিমার মার্কেটিংয়ের ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫০) শতাংশ নম্বর নিয়ে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং / পলিমার সায়েন্স / পলিমার ইঞ্জিনিয়ারিং / ম্যাটিরিয়ালস সায়েন্স / ম্যাটিরিয়ালস ইঞ্জিনিয়ারিং / পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং / প্লাস্টিকস ইঞ্জিনিয়ারিং / প্লাস্টিকস টেকনোলজি –র ব্যাচেলর্স বা মাস্টার্স ডিগ্রি। অথবা ওই একই শতাংশ নম্বর নিয়ে অ্যাপ্লাইড পলিমার সায়েন্স / পলিমার সায়েন্সে পিএইচ.ডি/ এম.এসসি.। সঙ্গে অন্তত ৪ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা।

বিভাগ- ওয়েসাইড অ্যামিনিটিজ (WSA): মোট শূন্যপদ ২৮টি। এরমধ্যে- টিম লিড – ডব্লিউএসএ (হাইওয়ে রেস্ট স্টপস) ৫টি (বয়স ৪২ বছরের মধ্যে) এবং সাইট ম্যানেজার – ডব্লিউএসএ (হাইওয়ে রেস্ট স্টপস) ২৩টি (বয়স ৩৪ বছরের মধ্যে)। টিম লিড – ডব্লিউএসএ (হাইওয়ে রেস্ট স্টপস) –এর ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫০) শতাংশ নম্বর নিয়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/ হসপিটালিটি ম্যানেজমেন্ট / রিটেল ম্যানেজমেন্ট / মার্কেটিং ম্যানেজমেন্ট / অপারেশনস ম্যানেজমেন্ট / হোটেল ম্যানেজমেন্ট-এর পুরো সময়ের মাস্টার্স/ পিজি ডিপ্লোমা। সঙ্গে অন্তত ১০ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা। সাইট ম্যানেজার – ডব্লিউএসএ (হাইওয়ে রেস্ট স্টপস) –এর জন্য উভয় ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে বিই./ বি.টেক. এবং হসপিটালিটিতে মাস্টার্স/ পিজি ডিপ্লোমা। অথবা যে কোনও গ্র্যাজুয়েট (বিই./ বি.টেক. ছাড়া) ও বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/ হসপিটালিটি –র মাস্টার্স/ পিজি ডিপ্লোমা। সঙ্গে অন্তত ৫ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা।

সব ক্ষেত্রেই নিয়ম অনুযায়ী বয়সের ছাড় আছে।

প্রার্থিবাছাই হবে প্রতিটি প্রোফাইলের জন্য প্রাপ্ত আবেদনের সংখ্যার ভিত্তিতে একাধিক ধাপের নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে। চূড়ান্ত বাছাই হবে প্রমাণপত্র যাচাই, বাছাইয়ের প্রতিটি ধাপে কর্মদক্ষতা এবং নিয়োগের আগে ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। প্রথম ধাপে দরখাস্ত বাছাই হবে। দ্বিতীয় ধাপে কম্পিউটার বেসড টেস্ট হবে। এতে ২টি পার্ট। পার্ট-I জেনারেল অ্যাপ্টিটিউড এবং পার্ট-II পেশাদারি জ্ঞান। তৃতীয় ধাপে হবে কেস বেসড ডিসকাশন/ গ্রুপ টাস্ক/ পার্সোনাল ইন্টারভিউ। এতে ক্যাটেগরি অনুযায়ী এবং ডিসিপ্লিন অনুযায়ী প্রস্তুত মেধাতালিকা অনুয়ারে ডাকা হবে। তবে এর আগে প্রমাণপত্র যাচাই করা হবে। প্রাসঙ্গিক কর্ম-অভিজ্ঞতা, কর্মস্থলে অর্জন এবং নির্বাচনের সকল ধাপে সামগ্রিক দক্ষতার ভিত্তিতে প্রভিশনাল (প্রাথমিক) নির্বাচন করা হবে। প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের ডাক্তারি পরীক্ষা হবে। প্রার্থিবাছাই প্রক্রিয়া/ প্রমাণপত্র যাচাইয়ের সময় লাগবে বৈধ সচিত্র পরিচয়পত্র সহ কললেটার/ অ্যাডমিট কার্ড, কাস্ট সার্টিফিকেট, ওবিসি (এনসিএল) সার্টিফিকেট, ইনকাম ও অ্যাসেট সার্টিফিকেট, প্রতিবন্ধকতা সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশিট ও সার্টিফিকেট এবং কর্মরতদের ক্ষেত্রে ‘নো অবজেকশন সার্টিফিকেট’।

নির্বাচিত প্রার্থীদের নিয়োগ হবে ই২ থেকে ই৮ গ্রেডে। মাইনে- ই২ গ্রেড ৫০,০০০ – ১,৬০,০০০ টাকা, ই৩ গ্রেড ৬০,০০০ – ১,৮০,০০০ টাকা, ই৪ গ্রেড ৭০,০০০ – ২,০০,০০০ টাকা, ই৫ গ্রেড ৮০,০০০ – ২,২০,০০০ টাকা, ই৬ গ্রেড ৯০,০০০ – ২,৪০,০০০ টাকা, ই৭ গ্রেড ১,০০,০০০ – ২,৬০,০০০ টাকা এবং ই৮ গ্রেড ১,২০,০০০ – ২,৮০,০০০ টাকা।

আবেদনের ফি সাধারণ/ ওবিসি-এনসিএল/ ইডব্লিউএস/ প্রাঃসঃকঃ – এর জন্য ১,০০০ টাকা। সঙ্গে জিএসটি ১৮০ টাকা। মোট ১,১৮০ টাকা। এছাড়া পেমেন্ট গেটওয়ে চার্জ। তফশিলি/ প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। ফি দেবেন অনলাইনে ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ ইউপিআই/ নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে।

আবেদন করবেন অনলাইনে www.bharatpetroleum.in ওয়েবসাইটের কেরিয়ার > কারেন্ট জব ওপেনিং > অ্যাপ্লাই অনলাইনে গিয়ে ২০ জুনের মধ্যে। দরখাস্ত করার আগে বিজ্ঞপ্তি ভাল করে পড়ে নেবেন। আবেদন করার সময়ে আপলোড করতে হবে নীচে বলা এসবের (পিডিএফ ফর্ম্যাটে) স্ক্যানড কপি- জন্ম তারিখের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, (লেটার হেডে) সার্ভিস/ কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, সংশ্লিষ্ট ক্যাটেগরি/ কাস্ট সার্টিফিকেট, (এপ্রিল ২০২৬ বা তার পরে তোলা) রঙিন পাসপোর্ট মাপের ছবি, সই, সর্বশেষ ৩টি স্যালারি স্লিপ। কোনও রকম প্রশ্ন থাকলে মেইল করতে পারেন z_hrd_co_recruit@bharatpetroleum.in আইডি – তে। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৮৫ ইঞ্জিনিয়ার

*১ পাতার পর ..........*

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: মোট শূন্যপদ ২০টি। এরমধ্যে- অফিসার গ্রেড-I ৪টি, অফিসার গ্রেড-II ১৪টি, অফিসার গ্রেড-III ১টি এবং অফিসার গ্রেড-IV ১টি। কাজ করতে হবে প্রজেক্ট সাইট/ সিইআইএল অফিসে।

অফিসার গ্রেড-II [ ই অ্যান্ড আই - অফসোর (ডিপ সি)]: শূন্যপদ ১টি। কাজ করতে হবে প্রজেক্ট সাইট/ সিইআইএল অফিসে।

কিউএ/ কিউসি ইঞ্জিনিয়ার – সিভিল: মোট শূন্যপদ ১০টি। এরমধ্যে- অফিসার গ্রেড-I ১টি, অফিসার গ্রেড-II ৮টি এবং অফিসার গ্রেড-III ১টি। কাজ করতে হবে প্রজেক্ট সাইট/ সিইআইএল অফিসে।

সেফটি অফিসার গ্রেড-III: শূন্যপদ ১টি। কাজ করতে হবে মুম্বইয়ে।

অফিসার গ্রেড-I পদের ডিগ্রি হোল্ডারদের ২ বছরের এবং ডিপ্লোমা হোল্ডারদের ৬ বছরের অভিজ্ঞতা থাকা চাই এবং বয়স যথাক্রমে ৩৫ ও ৪০ বছরের মধ্যে হতে হবে। থোক মাইনে ৫৩,৬২৫ টাকা। অফিসার গ্রেড-II পদের ডিগ্রি হোল্ডারদের ৬ বছরের এবং ডিপ্লোমা হোল্ডারদের ১০ বছরের অভিজ্ঞতা থাকা চাই এবং বয়স যথাক্রমে ৪০ ও ৪৫ বছরের মধ্যে হতে হবে। থোক মাইনে ৬৬,৩০০ টাকা। অফিসার গ্রেড-III পদের ডিগ্রি হোল্ডারদের ১০ বছরের এবং ডিপ্লোমা হোল্ডারদের ১৪ বছরের অভিজ্ঞতা থাকা চাই এবং বয়স যথাক্রমে ৪৫ ও ৫০ বছরের মধ্যে হতে হবে। থোক মাইনে ৮০,৯২৫ টাকা। অফিসার গ্রেড-IV পদের ডিগ্রি হোল্ডারদের ১৫ বছরের এবং ডিপ্লোমা হোল্ডারদের ২০ বছরের অভিজ্ঞতা থাকা চাই এবং বয়স যথাক্রমে ৫৫ ও ৫৫ বছরের মধ্যে হতে হবে। থোক মাইনে ৯৪,১৯৫ টাকা।

আবার, মার্কেটিং অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট: অফিসার গ্রেড-II: শূন্যপদ ১টি। অন্তত ৬ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে ৬৬,৩০০ টাকা। কাজ করতে হবে মুম্বই অফিসে। কনট্রাক্ট অ্যান্ড পারচেজ: অফিসার গ্রেড-II: শূন্যপদ ১টি। অন্তত ৬ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে ৬৬,৩০০ টাকা। কাজ করতে হবে মুম্বই অফিসে। অফিস ম্যানেজমেন্ট অফিসার গ্রেড-II: শূন্যপদ ১টি। অন্তত ৬ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে ৬৬,৩০০ টাকা। কাজ করতে হবে মুম্বই অফিসে। এইচআর অ্যাসোসিয়েট গ্রেড-II: শূন্যপদ ১টি। অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। থোক মাইনে ৪১,৮২১ টাকা। কাজ করতে হবে মুম্বই অফিসে। কিউএ/ কিউসি অফিসার গ্রেড I থেকে IV পদের প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা মেকানিক্যাল/ প্রোডাকশন/ সিভিল/ ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনের ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা থাকা চাই।

অফিসার গ্রেড-II [মেক – অফসোর (ডিপ সি)] পদের প্রার্থীদের মেকানিক্যাল/ প্রোডাকশনের ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

অফিসার গ্রেড-II [ই অ্যান্ড আই – অফসোর (ডিপ সি)] পদের প্রার্থীদের ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনের বিই/ ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

অফিসার গ্রেড-III (সেফটি) পদের প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা যে কোনও ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি শাখার ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট হতে হবে এবং ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিগ্রি/ ডিপ্লোমা থাকতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

অফিসার গ্রেড-II (মার্কেটিং অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট) পদের প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা মেকানিক্যাল/ প্রোডাকশন/ সিভিল/ আইটি/ সিএস/ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ ইনস্ট্রুমেন্টেশন ডিসিপ্লিনের ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট বা ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

অফিসার গ্রেড-II (কনট্রাক্ট অ্যান্ড পারচেজ) পদের প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা মেকানিক্যাল/ প্রোডাকশন/ সিভিল/ আইটি/ সিএস/ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ ইনস্ট্রুমেন্টেশন ডিসিপ্লিনের ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট বা ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

অফিসার গ্রেড-II (অফিস ম্যানেজমেন্ট) পদের প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা মেকানিক্যাল/ প্রোডাকশন/ সিভিল/ আইটি/ সিএস/ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ ইনস্ট্রুমেন্টেশন ডিসিপ্লিনের ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট বা ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

এইচআর অ্যাসোসিয়েট গ্রেড-II পদের প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা যে কোনও ডিসিপ্লিনের গ্র্যাজুয়েট এবং পার্সোনাল ম্যানেজমেন্টের ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

বয়স এবং অভিজ্ঞতার হিসেব করতে হবে ৩০ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে।

আবেদন করবেন সিইআইএল –এর অফিসিয়াল রিক্রুটমেন্ট পোর্টাল (https://www6.eil.co.in/ceilrecruitment/)-এর মাধ্যমে ১৫ জুন, ২০২৬ তারিখের মধ্যে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে কোনও পরিবর্তন হলে সে-সম্পর্কে তথ্য পাবেন শুধুমাত্র CEIL-এর ওয়েবসাইটে। প্রাপ্ত আবেদনপত্রগুলি থেকে সংক্ষিপ্ত তালিকা (Shortlisting) প্রস্তুত করবেন কমিটি। আবেদনপত্রে দেওয়া তথ্যের ভিত্তিতে স্ক্রিনিং (Screening) এবং বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে। কাজেই আবেদনপত্রে সঠিক, সম্পূর্ণ এবং সত্য তথ্য দেওয়া অত্যন্ত জরুরি। বিজ্ঞপ্তি নং CEIL/HR&A/Advt./2026-27/01.

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLDWIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our Toll Free No: 18008914133
Email: runnerex298@gmail.com

Proudly Serving the Community for 19 years


# Blood Donation Camp 2026

Organised by

## BIDHANNAGAR NORTH SOCIETY FOR SOCIAL WELFARE

BDNNSSW

Regn. No. S/2L/39964
80G Unique Registration No.: AACAB9742MF20210
12A Unique Registration No.: AACAB9742ME20188
BD-72, GROUND FLOOR, SECTOR-I, SALT LAKE CITY, KOLKATA-700064
Email: bidhannagarnssw@gmail.com
MOB: 9804066661/9007136666



At

## B.B. COMMUNITY HALL

BB - 271, Sector - I,
Salt Lake City, Kol - 64



Starting From 10:30 a.m.

Sir/ Madam,

In this Blood crisis moment we are going to organise a Blood Donation Camp in the observance of "DOCTOR'S DAY" on 1st July, 2026 at "B.B. Community Hall", B.B. - 271, Sector-I, Salt Lake City, Kolkata - 700064, starting from 10.30 am.

We are cordially inviting you to participate in this programs to successfully complete our vision. Blood Donation is our social responsibility.

Your co-operation is highly solicited.

Thanking you.

Prabir Kumar Mukheerjee
President
Bidhannagar North Society for Social Welfare

Printed & Published by Kanika Chakraborty on behalf of Owner Kanika Chakraborty and Printed at New India Art Press, Deshbandhu Road, Bhatrapolly, Barasat, North 24 Parganas, West Bengal - 700 126 and Published at BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, West Bengal - 700 064, Editor: Prabir Mukhopadhyay

Editorial Office: BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, District- North 24 Parganas, West Bengal - 700 064, Ph: (033) 2334-3575, Mobile: +91 9434972260,
Email: editorkaajcareer@gmail.com/ kaajcareerportal@gmail.com, Web: www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer. RNI No. WBBEN/2006/18125